# ২০২৩
# বাংলা
## (অনার্স)
(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

কোর্স কোড : **BNG-H-CC-T-3**

(ছন্দ, কৃত্তিবাসী রামায়ণ ও বৈষ্ণব পদাবলী)

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) মাত্রা বা কলা কাকে বলে?

খ) "আমি বিধির বিধান ভাঙিয়াছি, আমি এমনি শক্তিমান"
— শুধুমাত্র পর্ব বিভাজন করো।

গ) বাংলায় তিনটি ছন্দের ক্ষেত্রে রুদ্ধদলের মাত্রা গণনারীতি কেমন হয়ে থাকে?

ঘ) 'ব্রজবুলি' কী? উদাহরণসহ বুঝিয়ে দাও।

ঙ) পঞ্চরস কাকে বলে? যে-কোনো একটি রস থেকে দুটি চরণ উদ্ধৃত করো।

[পরের পাতায়]

চ) ‘‘ব্রহ্মা বলেন, মারুতি, আমার এ বর।
এই বরে হও তুমি অজয় অমর।।’’
— ‘মারুতি’র পরিচয় দাও।

ছ) মূল রামায়ণে কোন্ কোন্ মুনির নাম উল্লেখিত হয়েছে? কিন্তু কৃত্তিবাসী রামায়ণে কেবলমাত্র কোনো একজন মুনির কথাই বলা হয়েছে— তিনি কে?

জ) গজ কচ্ছপের গল্পটি কী ছিল?

ঝ) পয়ার ও অমিত্রাক্ষর ছন্দের মধ্যে মূলগত তফাৎটি কী তা লেখো।

ঞ) বিদ্যাপতি ও চন্ডীদাসের ভাবশিষ্য কারা ছিলেন? তাঁদের শ্রেষ্ঠত্ব কোন্ পর্যায়ের ছিল?

ট) কুবেরের সঙ্গে রাবণের যুদ্ধ হয়েছিল কেন? যুদ্ধের ফলাফল কী হয়েছিল?

ঠ) কাঁকলাস কী?

ড) ‘আজু রজনী হাম ভাগে পোহায়লুঁ
পেখলুঁ পিয়া মুখ চন্দা।’
— উদ্ধৃত অংশটির অর্থ পর্যায়ের নামসহ লেখো।

ঢ) ‘মান্ধাতা’ কে? কোন্ প্রসঙ্গে কাব্যে এই নামটি উল্লেখিত হয়েছে?

ণ) ‘মিশ্রকলাবৃত্ত’— এরূপ নামকরণের কারণ কী?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ছন্দোলিপি করো (যে কোনো **একটি**) :

অ) ‘‘কলিকাতা শোনে নাকো চলার খেয়ালে,
নৃত্যের নেশা তার স্তম্ভে দেয়ালে।’’



আ) ‘‘বাঁশ বাগানের মাথার উপর চাঁদ উঠেছে ওই—
মাগো, আমার শোলোক বলা কাজলা দিদি কই?’’

খ) স্বরবৃত্ত ছন্দ কাকে বলে? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যাবলী বুঝিয়ে দাও।

গ) কবি বলরামদাসের শ্রেষ্ঠত্ব কোন্ পর্যায়ের পদ রচনায়? তোমার পঠিত পদ অবলম্বনে বিষয়টি আলোকিত করো।

ঘ) ‘আজু হাম কি পেখলুঁ নবদ্বীপ চন্দ’
— পদটির পদকর্তা কে এবং এটি কোন্ পর্যায়ের পদ বলে তুমি মনে করো এবং কেন?

ঙ) বাংলার কৃত্তিবাসোত্তর মঙ্গলকাব্যগুলি কৃত্তিবাসী রামায়ণের দ্বারা কতখানি প্রভাবিত হয়েছিল?

চ) ‘উত্তরাকাণ্ডের পরিসমাপ্তি শুধু কবিত্বপূর্ণ নয়, নাট্যগুণেও সমৃদ্ধ’
— আলোচনা করো।

৩। যে-কোনো **দু’টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) গদ্যছন্দ কাকে বলে? এই ছন্দের বৈশিষ্ট্যাবলী উদাহরণসহ আলোচনা করো।

খ) ‘প্রার্থনা’ বিষয়ক পদে বিদ্যাপতি যে নৈপুণ্য দেখিয়েছেন, তা নিজের ভাষায় প্রকাশ করো।

গ) উত্তরাকাণ্ডে সীতা চরিত্র কবি কৃত্তিবাস যেভাবে নির্মাণ করেছেন, তা আলোচনা করো।

ঘ) বৈষ্ণব পদকর্তা চন্ডীদাসের কবি প্রতিভা সম্পর্কে আলোকপাত করো।